

# এন্‌এইচএস সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রাম এইচপিভির(HPV) জন্য পরীক্ষা করা মহিলাদের জন্য তথ্য

## এন্‌এইচএস সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রাম কি ?

সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রামের লক্ষ্য হচ্ছে সেইসব মহিলার সংখ্যা কমানো যাদের আক্রমণাত্মক সার্ভিকাল ক্যান্সার হয় এবং যেসব মহিলার এই অসুখের থেকে মৃত্যু হয়। 25 থেকে 64 বছর বয়সী মহিলাদের নিয়মিত ভাবে স্ক্রীনিং করে এটা করা যায়, যাতে যেসব অবস্থা হয়ত আক্রমণাত্মক ক্যান্সারে পরিণত হতে পারে সেগুলিকে শনাক্ত করে চিকিৎসা করা যায়। এইচপিভির পরীক্ষা প্রবর্তন করার ফলে এটা আরও কার্যকরী ভাবে করা যাবে।

## এইচপিভি কি ?

এইচপিভি বলতে হিউম্যান প্যাপিলোমা ভাইরাসকে (Human Papilloma Virus) বোঝায়। এই ইনফেকশনটা খুবই বেশী দেখা যায় এবং বেশীর ভাগ মহিলার জীবনে কোন না কোন সময়ে এটা হয়। বেশীর ভাগ ক্ষেত্রেই, কোন চিকিৎসা ছাড়াই এটা নিজের থেকেই সেরে যায়।

অনেক রকমের এইচপিভি আছে। এর মধ্যে বেশীর ভাগই কোন ক্ষতি করে না, কিন্তু কিছু আছে যা সার্ভিক্সের অস্বাভাবিকতা ঘটাতে পারে এবং সেগুলিকে 'হাই রিস্ক' (বেশী ঝুঁকির) ধরণের এইচপিভি বলা হয়। অনেক সময়ই এই ভাইরাসটা চলে যাওয়ার সাথে সাথে এই অস্বাভাবিকতাগুলিও সেরে যায়। কিন্তু কিছু মহিলার ক্ষেত্রে এই ভাইরাসটা থেকেই যায় এবং এর ফলে তাদের সার্ভিকাল অস্বাভাবিকতা (CIN) হওয়ার ঝুঁকি অপেক্ষাকৃত বেশী থাকে, যার চিকিৎসা করার দরকার হতে পারে।

## কি ভাবে লোকের এইচপিভি হয় ?

যারা জীবনে কোন এক সময়ে যৌন ভাবে সক্রিয় ছিলেন, সেই সব লোকের মধ্যে এইচপিভি ইনফেকশন প্রায়ই দেখা যায়। পুরুষ ও মহিলার মধ্যে, এবং একই লিঙ্গের সঙ্গীদের মধ্যে যৌনসঙ্গমের সময়, এটা সহজেই সংক্রামিত হয়। এই ভাইরাসের কোন লক্ষণ দেখা যায় না, কাজেই এটা সম্ভব যে

- কারুর হয়ত অজান্তে অনেক বছর ধরে এই ইনফেকশনটা থাকতে পারে
- সঙ্গীদের একজনের মধ্যে এটা হয়ত বহু বছর আগে সংক্রামিত হয়েছে এবং তিনিও এটার কথা জানতে পারেননি।

## আমাকে এইচপিভি-এর জন্য পরীক্ষা করা হবে কেন ?

যেসব মহিলাদের অনিশ্চিত বা অল্প ডিস্ক্যারিওসিস্ (dyskaryosis) আছে তাদের এইচপিভি-এর জন্য পরীক্ষা করা

যদি কোন মহিলার স্ক্রীনিংয়ের ফলাফলে অল্পসল্প অস্বাভাবিকতা (যেটাকে অনিশ্চিত বা অল্প ডিস্ক্যারিওসিস্ বলা হয়) দেখা যায়, তাহলে তার দেওয়া নমুনার ওপর এইচপিভি-এর জন্য একটা পরীক্ষা করা হবে। যেসব মহিলাদের অনিশ্চিত বা অল্প ডিস্ক্যারিওসিস্ রয়েছে, তাদের মধ্যে এই অস্বাভাবিকতা, চিকিৎসা করতে হওয়ার মত গুরুতর হওয়ার শুধুমাত্র 15–20% সম্ভাবনা থাকে।

এইচপিভি-এর জন্য এই পরীক্ষা করাটা গুরুত্বপূর্ণ, কারণ এইচপিভি-এর উপস্থিতি বা অনুপস্থিতি জানিয়ে দেবে যে কোন কোন মহিলার চিকিৎসার দরকার হতে পারে। যদি কোন মহিলার নমুনায় এইচপিভি পাওয়া যায়, তাহলে তাকে কলোস্কপি (colposcopy) করার জন্য ডাকা হবে। কোন চিকিৎসা করার দরকার আছে কিনা তা দেখার উদ্দেশ্যে, কলোস্কপিতে, সার্ভিক্সটা খুঁটিয়ে পরীক্ষা করা হয়। যদি তাই হয়, তাহলে তাকে সাধারণতঃ একটা আউটপেশেন্টস ক্লিনিকে দেখা হবে, যার মানে হচ্ছে যে তাকে রাতে হাসপাতালে থাকতে হবে না।

যাদের সার্ভিকাল অস্বাভাবিকতার (CIN-এর) জন্য চিকিৎসা করা হয়েছে, তাদের এইচপিভি-এর জন্য পরীক্ষা করা

কলোস্কপিতে যদি সার্ভিকাল অস্বাভাবিকতা (CIN) ধরা পড়ে, এবং সেই মহিলাকে তার জন্য চিকিৎসা করা হয়, তাহলে সেই চিকিৎসার ছয় মাস পর নাগাদ তাকে আবার স্ক্রীনিং করা হবে। যদি তার ফলাফল স্বাভাবিক, অনিশ্চিত বা অল্প হয়, তাহলে সেই নমুনাটিকে এইচপিভি-এর জন্য পরীক্ষা করে দেখা হবে। এইচপিভি না পাওয়া গেলে, তাকে তিন বছরের মধ্যে আর স্ক্রীনিং করা হবে না।

যদি এইচপিভি পাওয়া যায়, অথবা স্ক্রীনিংয়ের ফলাফলে মাঝামাঝি বা অপেক্ষাকৃত খারাপ ডিস্ক্যারিওসিস্ দেখা যায়, তাহলে সেই মহিলাকে আবার কলোস্কপি করার জন্য ডাকা হবে। তারপরে তার চিকিৎসা করা হবে অথবা (চিকিৎসার দরকার না হলে) তার ওপর, কলোস্কপি করা মহিলাদের সংক্রান্ত রাষ্ট্রীয় নির্দেশ অনুযায়ী, নজর রাখা হবে।

## এইচপিভি-এর জন্য পরীক্ষা কি ভাবে করা হয় ?

স্ক্রীনিংয়ের পরীক্ষা করার সময় নেওয়া কোষগুলির নমুনাটা ব্যবহার করে এই পরীক্ষা করা হয়, কাজেই আবার স্ক্রীনিং করার কোন দরকার থাকবে না।

## আমি কোথায় আরও তথ্য পাব ?

এইচপিভি-এর জন্য পরীক্ষা করার বিষয়ে অথবা এই তথ্যের কাগজটিতে উল্লেখ করা অন্য কিছুর বিষয়ে আপনি যদি আরও তথ্য চান, তাহলে দয়া করে আপনার প্র্যাকটিস নার্সের সাথে কথা বলবেন, অথবা [www.cancerscreening.nhs.uk](http://www.cancerscreening.nhs.uk) ঠিকানায়, এন্‌এইচএস ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রামের ওয়েবসাইটে যাবেন।